



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২১ নভেম্বর ২০১১

প্রেস বিজ্ঞপ্তি

রামগড়ে বৌদ্ধ বিহারে সেনা হামলার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) রামগড় উপজেলা ইউনিটের সংগঠক অপু ত্রিপুরা আজ ২১ নভেম্বর ২০১১ সোমবার এক বিবৃতিতে কালাপানি বৌদ্ধ বিহারে ভিক্ষু ও তাদের সাহায্যকারীদের নির্যাতন ও হয়রানির তীব্র নিন্দা জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, গতকাল ২০ নভেম্বর রাত আনুমানিক ৯টার সময় সিন্দুকছড়ি জোনের একদল সেনা খাগড়াছড়ির রামগড় উপজেলার কালাপানি বৌদ্ধ বিহারে যায়। এ সময় বিহারাধ্যক্ষ আগাদাইমা ভিক্ষু বিহারে ছিলেন না। তিনি একটি ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিতে চাইন্দ্যামনি বিহারে গিয়েছিলেন। সেনারা বিহারে অবস্থানকারী ক্যাচার শ্রমণ (শিক্ষানবীশ ভিক্ষু), উথোয়াই সিং মারমা (১৩) পিতা আম্যা মারমা ও চাইঙ্গোথোয়াই মারমা (১৫) পিতা উগ্য মারমাকে বিহারে ইউপিডিএফ মিটিং করেছে কিনা, মিটিংে কারা কারা উপস্থিত ছিল ইত্যাদি জিজ্ঞাসা করতে থাকে। উত্তরে তারা বিহারে এ ধরনের কোন মিটিং হয়নি বলে জবাব দিলে সেনারা উথোয়াইসিং মারমাকে মারধর করে। সেনারা তাদেরকে গাড়িতে তুলে জোনে নিয়ে যাওয়ার চেষ্টা করলে এ সময় বিহারাধ্যক্ষ আগাদাইমা ভিক্ষু চাইন্দ্যামুনি থেকে ফিরে এসে সেনাদের দেখতে পান। সেনারা তাকেও হয়রানিমূলক জিজ্ঞাসাবাদ করে। পরে সেনারা কাউকে আটক না করে জোনে ফিরে যায়।

ইউপিডিএফ নেতা উক্ত হয়রানির ঘটনাকে ধর্মীয় স্বাধীনতার উপর নগ্ন হস্তক্ষেপ আখ্যায়িত করে ভবিষ্যতে এ ধরনের ঘটনা বন্ধে জড়িত সেনা সদস্যদের শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ